মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম
সিডিএ এভিন্যু, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।
E-mail : info@bise-ctg.gov.bd, **Website**: www.bise-ctg.gov.bd

২০১৮ সালের জেএসসি পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত

বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম-এর আওতাধীন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানদের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০১৮ সালে অনুষ্ঠেয় জেএসসি পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি শিক্ষাবোর্ডের ওয়েবসাইট **www.bise-ctg.gov.bd** -এর পরীক্ষা শাখা'র নোটিশ বোর্ডে প্রকাশিত হয়েছে। উক্ত বিজ্ঞপ্তিতে প্রদত্ত নির্দেশনা মোতাবেক ফরম পূরণের যাবতীয় কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হল। ফরম পূরণের ক্ষেত্রে বিজ্ঞপ্তিতে বর্ণিত নির্ধারিত ফি -এর অতিরিক্ত কোন অর্থ পরীক্ষার্থীদের নিকট হতে আদায় করা যাবে না। উল্লেখ্য, এ বিষয়ে মহামান্য হাইকোর্টের নির্দেশনা রয়েছে।

বিষয়টি অতীব জরুরী।

(মোহাম্মদ মাহবুব হাসান)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
ফোন : ০৩১-২৫৫৩১৪৫।
Email : ce@bise-ctg.gov.bd

Scanned by CamScanner

"নকলকে না বলি, দিন বদলের প্রত্যয়ে দেশটাকে গড়ে তুলি"

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিন্যু, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম। Web www.bise-ctg.gov.bd

স্মারক নং-চশিবো/পরী/জেএসসি/৮৮/২০১০/১৭৩৩ (১৩০০) তারিখ : ১৭/০৭/২০১৮

২০১৮ সালের জেএসসি পরীক্ষার বিজ্ঞপ্তি

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এর আওতাধীন সকল বিদ্যালয়ের প্রধান এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে ২০১৮ সালে অনুষ্ঠেয় জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) এর online এ ফরম পূরণ ও প্রয়োজনীয় ফি চট্টগ্রাম শিক্ষা বোর্ডে জমা দেয়ার তারিখ, ফি এর হার ও নিয়মাবলী নিম্নে উল্লেখ করা হলো।

১. **Online এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা ফরম (probable list) প্রদর্শন :** শিক্ষার্থীদের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা চট্টগ্রাম শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে (www.bise-ctg.gov.bd) ২৯/০৭/২০১৮ইং তারিখ দেয়া হবে। উক্ত সম্ভাব্য তালিকা হতে ৩০/০৭/২০১৮ তারিখ থেকে ০৫/০৮/২০১৮ তারিখে মধ্যে Online এ নিম্ন বর্ণিত প্রক্রিয়ায় ফরম পূরণ (eFF) সম্পন্ন করতে হবে।

(ক) প্রতিষ্ঠানসমূহ বিদ্যালয়ের ওয়েবসাইটে eFF page লগইন করে প্রধান শিক্ষকের মোবাইল নম্বর ও e-SIF password ব্যবহার করে (probable list) যেতে হবে এবং print করে হার্ডকপিতে লালকালি ব্যবহার করে টীক চিহ্ন দিয়ে পরীক্ষার্থী Select করতে হবে।

(খ) উক্ত হার্ডকপি (probable list) এ টিক চিহ্ন পরীক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটারে প্রদর্শনকৃত (probable list) থেকে Select করতে হবে।

(গ) Temporary list print করে ভালভাবে যাচাই/বাছাই করে প্রয়োজন হলে Entry/Edit/Delete করতে হবে।

(ঘ) এর পর pay Slip Print করতে হবে। হিসাব নং STD/SND-59 (সোনালী ব্যাংক লিমিটেড, বহদ্দার হাট শাখা) pay slip উল্লেখিত টাকা প্রদান করতে হবে। উল্লেখ্য pay Slip Print করলে আর কোন Entry/Edit/Delete করা যাবেনা।

(ঙ) ফি এর টাকা ব্যাংকে জমা দেয়ার ৪৮-৭২ ঘন্টার মধ্যে Final Submit Button Active হবে। এর পর Final Submit Button ক্লিক করে Final Submit করতে হবে।

(চ) Final Submit করার পর পর Final Candidate List Print করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন। নিম্নে প্রদত্ত তারিখ অনুযায়ী টিটি-র মূল কপিসহ মাধ্যমিক পরীক্ষা শাখায় এক সেট প্রিন্ট কপি পরীক্ষার্থীর স্বাক্ষরসহ জমা দিতে হবে এবং এক সেট বিদ্যালয় অফিসে সংরক্ষণ করতে হবে। এছাড়াও ফরম পূরণের প্রিন্ট আউটে মূল কপি পরীক্ষা শাখায় জমাদানের নির্ধারিত তারিখে টিটি ভাউচারের সত্যায়িত ছায়ালিপিসহ প্রতিষ্ঠানের প্যাডে টাকার খাতওয়ারী বিবরণী (প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষরিত) হিসাব শাখায় ৬০৯ নং কক্ষে (৬ষ্ঠ তলা) জমা দিতে হবে।

(ছ) কেবল নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান থেকে রেজিস্ট্রেশন হওয়া সাপেক্ষে শিক্ষার্থীরা ২০১৮ সালের জেএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

২. পরীক্ষার ফি এর হার :

(ক) পরীক্ষার্থীর ফি প্রতি পরীক্ষার্থী ১০০/- (একশত) টাকা।

(খ) বিলম্ব ফি প্রতি পরীক্ষার্থী ২৫/- (পঁচিশ) টাকা।

(গ) কেন্দ্র ফি প্রতি পরীক্ষার্থী ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা (কেন্দ্র নির্ধারণ হওয়ার পর শিক্ষা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট কেন্দ্র সচিবকে প্রদান করতে হবে।

৩. পরীক্ষার ফি জমার সর্বশেষ তারিখ :

ক) বিলম্ব ফি ছাড়া অনলাইনে ফরম পূরণ (eFF)- ৩০ জুলাই ২০১৮ হতে ০৫ আগষ্ট ২০১৮ পর্যন্ত

খ) বিলম্ব ফিসহ ০৬ আগষ্ট ২০১৮ হতে ১১ আগষ্ট ২০১৮ পর্যন্ত।

গ) বিলম্ব ফি ছাড়া টিটি ক্রয়ের শেষ তারিখ- ০৬/০৮/২০১৮

ঘ) পরীক্ষার্থী প্রতি ২৫/- (পঁচিশ) টাকা হারে বিলম্ব ফিসহ টিটি ক্রয়ের শেষ তারিখ- ১২/০৮/২০১৮

চলমান পাতা-২

Scanned by CamScanner

৪. পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত প্রিন্ট আউট কপিসহ কাগজপত্র বোর্ডে জমাদানের বিবরণ :

ক্রমিক নং	জেলার নাম	সোনালী ব্যাংকের টিটিসহ পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত প্রিন্ট আউট কপিসহ এবং অন্যান্য কাগজপত্র বোর্ডে জমা দেয়ার তারিখ
০১	কক্সবাজার ও তিন পার্বত্য জেলা	১১/০৯/২০১৮
০২	চট্টগ্রাম মহানগর	১২/০৯/২০১৮
০৩	চট্টগ্রাম উত্তর ও দক্ষিণ জেলা	১৩/০৯/২০১৮

৫. ব্যাংক ড্রাফট এর জমাদান পদ্ধতি :

(ক) TT মারফৎ সোনালী ব্যাংক বহদ্দার হাট শাখার হিসাব নং- STD-59 বরাবর প্রেরণ করতে হবে।

(খ) কোন ক্রমেই পরীক্ষার ফি নগদ টাকা, ব্যাংক ড্রাফট, পে অর্ডার, পোষ্টাল অর্ডার, সিকিউরিটি ডিপোজিট রশিদ অথবা ট্রেজারী চালানের মাধ্যমে জমা দেয়া যাবেনা।

(গ) কোন অবস্থাতেই পরীক্ষার্থীর স্বাক্ষরসহ প্রিন্ট কপি, আনুষঙ্গিক এবং TT ডাকযোগে পাঠানো যাবেনা।

৬. ফি জমাদানের ছক :

ক্রম	ফি এর খাত	ফি এর হার	শিক্ষার্থীর সংখ্যা	মোট টাকা
০১	জেএসসি পরীক্ষার ফি (জিপিএ উন্নয়নসহ) প্রতি পরীক্ষার্থী	১০০/-		
	বিলম্ব ফি (জেএসসি পরীক্ষা) প্রতি পরীক্ষার্থী	২৫/-		
			সর্বমোট	

৭. পরীক্ষার মাধ্যম : বাংলা/ইংরেজী ভার্সন পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে। কোন শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজী ভার্সনে পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী থাকলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে নিম্নোক্ত ছক অনুযায়ী এক কপি তালিকা সহ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়) এর নিকট হাতে হাতে ২২/০৭/২০১৮ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ইংরেজী ভার্সনে পরীক্ষা গ্রহণ সম্ভব হবে না। এতে শিক্ষার্থীদের কোন সমস্যা হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন।

"ছক"

কেন্দ্রের নাম	কেন্দ্র কোড	বিষয় ও বিষয় কোড	পরীক্ষার্থীর সংখ্যা

৮. পাঠ্যসূচী :

(ক) এনসিটিবি থেকে গেজেটে প্রকাশিত ২০১৮ সালের অনুমোদিত বইসমূহ ৮ম শ্রেণীর পাঠ্য বই হিসেবে বিবেচিত হবে।

(খ) ২০১৬ ও ২০১৭ সালে রেজি:ধারী অনিয়মিত পরীক্ষার্থীদের এনসিটিবি অনুমোদিত ২০১৬ ও ২০১৭ সালের পাঠ্যপুস্তক অনুযায়ী প্রণীত প্রশ্নে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৯. অনিয়মিত পরীক্ষার্থী :

(ক) ২০১৭ সালের রেজি:ধারী পরীক্ষার্থীরা ২০১৮ সালের জেএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) যে সকল পরীক্ষার্থী ২০১৭ সালের জেএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে ০১, ০২ ও ০৩ বিষয়ে অকৃতকার্য হয়েছে, তারা উক্ত অকৃতকার্য বিষয়ে অথবা সকল বিষয়ে ২০১৮ সালের জেএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এ সকল পরীক্ষার্থীদের পূর্বে উত্তীর্ণ বিষয়সমূহের প্রাপ্ত জিপি সংরক্ষিত থাকবে। ২০১৮ সালের জেএসসি পরীক্ষায় তাদের অংশগ্রহণকৃত বিষয়/বিষয়সমূহের জিপি, পূর্বে উত্তীর্ণ বিষয়সমূহের সংরক্ষিত জিপির সাথে যোগ করে তাদের জিপিএ নির্ধারণ করা হবে।

১০. জিপিএ উন্নয়ন : কেবল ২০১৭ সালের জেএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়ে জিপিএ ৫.০০ এর কম পেয়েছে এমন পরীক্ষার্থীরা ২০১৮ সালের জেএসসি পরীক্ষায় জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ২০১৮ সালের জেএসসি পরীক্ষায় এদের জিপিএ উন্নয়ন হলে তা গ্রহণ করা হবে। অন্যথায় পূর্বের জিপিএ বহাল থাকবে। জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীকে পূর্বের পরীক্ষার মূল প্রবেশপত্র এবং একাডেমিক ট্রান্সক্রীপ্ট এর সত্যায়িত ফটোকপি পরীক্ষার্থীর স্বাক্ষরকৃত প্রিন্ট আউটের সাথে জমা দিতে হবে।

১১. শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন : কোন অবস্থাতেই এক শিক্ষা প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থী অন্য শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে পিতা/মাতা/অভিভাবকের বদলীর যুক্তিসংগত অন্য কোন কারণে নিয়মানুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন করে থাকলে শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তনের সকল প্রামান্য কাগজপত্র (সত্যায়িত ফটোকপি) পরীক্ষার্থীর স্বাক্ষরকৃত প্রিন্ট আউটের সাথে জমা দিতে হবে।

চলমান পাতা-৩

১২. পরীক্ষায় অংশগ্রহণের বিষয়/বিষয়সমূহ : শিক্ষার্থী রেজি:কার্ড/প্রবেশপত্রে উল্লিখিত বিষয়/বিষয়সমূহেই তাকে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। বোর্ডের অনুমতিক্রমে বিষয় পরিবর্তন না করে রেজি:কার্ড/প্রবেশপত্র বহির্ভূত কোন বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করলে অংশগ্রহণকৃত উক্ত বিষয়/বিষয়সমূহ বাদ দিয়েই তার ফল প্রকাশ করা হবে।

১৩. রেজি: নবায়ন : ২০১৬ সালের রেজিস্ট্রেশনকৃত যে সকল পরীক্ষার্থী ১ (এক) বিষয়ে অকৃতকার্য (চতুর্থ বিষয় ছাড়া) হয়েছে এবং ২০১৭ সালে রেজি: মেয়াদ শেষ হয়েছে, তারা বিদ্যালয় পরিদর্শক কর্তৃক প্রদত্ত সময়সীমার মধ্যে রেজি: কার্ডের মেয়াদ নবায়ন পূর্বক ২০১৮ সালের জেএসসি পরীক্ষায় অকৃতকার্য বিষয়ে অংশগ্রহণ করতে পারবে। প্রতিষ্ঠান প্রধানের অগ্রায়নপত্রসহ নবায়নকৃত রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি শিক্ষাবোর্ডের ৪০৪/৪০৫নং কক্ষে জমা দিতে হবে। নবায়নকৃত রেজি: কার্ডের সত্যায়িত কপি জমা না দিলে পরীক্ষার ফরমপূরণ বাতিল হয়ে যাবে।

১৪. জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) এর নির্দেশনা মোতাবেক ২০১৮ সালে অনুষ্ঠেয় জেএসসি পরীক্ষায় ২০১৭ সালের রেজিস্ট্রেশনধারী অনিয়মিত পরীক্ষার্থীদের শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য (১৪৭), চারু ও কারুকলা (১৪৮) এবং কর্ম ও জীবনমূখী শিক্ষা (১৫৫) বিষয়সমূহ অর্ন্তভূক্ত না করে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে শিক্ষার্থীর মান যাচাই এবং ২০১৮ সালের রেজিস্ট্রেশনধারী অনিয়মিত পরীক্ষার্থীদের কৃষি শিক্ষা (১৩৪), গার্হস্থ্য বিজ্ঞান (১৫১), শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য (১৪৭), চারু ও কারুকলা (১৪৮), কর্ম ও জীবনমূখী শিক্ষা (১৫৫) বিষয়সমূহ অর্ন্তভূক্ত না করে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে শিক্ষার্থীর মান যাচাইয়ের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এমতাবস্থায় ২০১৭ ও ২০১৮ সালে রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থীদের উল্লেখিত বিষয়সমূহে ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত নম্বর (নাম, রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর অনুযায়ী) ০৫/১১/২০১৮ তারিখের মধ্যে গালাসীলযুক্ত প্যাকেটে এককপি পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে, এককপি সংশ্লিষ্ট কেন্দ্রে প্রেরণ পূর্বক অন্য একটি কপি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। কেন্দ্র সচিব অনলাইনে উক্ত নম্বর ১১/১১/২০১৮ তারিখের মধ্যে শিক্ষাবোর্ডে প্রেরণ করবেন।

১৫. বিজ্ঞপ্তিতে উল্লিখিত ২০১৮ সালের জেএসসি পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলী ও সময়সীমা সঠিকভাবে অনুসরণ করে যথাসময়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হল। মহামান্য হাইকোর্টের নির্দেশনার প্রেক্ষিতে শিক্ষাবোর্ড কর্তৃক নির্ধারিত ফি-এর অতিরিক্ত অর্থ আদায় করা যাবেনা। বোর্ড কর্তৃক নির্ধারিত সময়ের পরে ফরমপূরণের আবেদন বিবেচনা করা হবে না।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

১৭/০৭/১৮
(মোহাম্মদ মাহবুব হাসান)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
ফোন : ০৩১-২৫৫৩১৪৫, ফ্যাক্স : ০৩১-২৫৫৩১৫১।
Email : ce @ bise-ctg.gov.bd

স্মারক নং-চশিবো/পরী/জেএসসি/৮৮/২০১০/১৭৩৩ (১৩০০) তারিখ : ১৭/০৭/২০১৮

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরিত হলো (এ তালিকা জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩। মাননীয় মন্ত্রী মহোদয়ের সহকারী একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
৫। জেলা প্রশাসক, চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বান্দরবান জেলা।
৬। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
৭। উপ-পরিচালক, (হি :ও নি :), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
৮। চট্টগ্রাম শিক্ষা বোর্ডের সকল কর্মকর্তা।
৯। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
১০। জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বান্দরবান জেলা।
১১। চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন জেএসসি পরীক্ষায় সংশ্লিষ্ট সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান।
১২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
১৩। অফিস কপি।

(প্রসেনজিৎ পাল)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
ফোন : ০৩১-২৫৫৭৫১৬।